গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-বরিশাল

কর ভবন, ক্লাব রোড, বরিশাল।

www.tax.barisal.gov.bd

উৎস কর কর্তন পদ্ধতি ও হার

অর্থ বছর: ২০২৫-২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-বরিশাল

কর ভবন, ক্লাব রোড, বরিশাল।

www.tax.barisal.gov.bd

উৎসে আয়কর কর্তন/সংগ্রহের খাতসমূহের তালিকা, কর্তনের হার ও অন্যান্য তথ্যাদি ২০২৫-২০২৬ অর্থ বৎসরের জন্য প্রযোজ্য

উৎসে কর্তিত কর সরকারের অনুকূলে জমার সময়সীমা (বিধি ৯/ধারা ১৪৬)ঃ-

*	জুলাই হতে মে মাস পর্যন্ত: যে মাসে কর কর্তন/ সংগ্রহ করা হবে তা পরবর্তী মাসের ২য় সপ্তাহের মধ্যে
*	জুন মাসের ১ হতে ২০ তারিখ পর্যন্ত : যে তারিখে কর কর্তন/সংগ্রহ করা হবে তার পরবর্তী ৭ দিনের মধ্যে
*	জুন মাসের অন্যান্য দিন: যে দিন কর কর্তন/সংগ্রহ করা হবে ঠিক তার পরবর্তী দিনে জমা করতে হবে
*	জুন মাসের শেষ কর্মদিবস: কর্তন বা সংগ্রহের দিন

কর অঞ্চল- বরিশালের একাউন্ট	
কোম্পানীর জন্য	১-১১৪১-০০৭৫-০১০১
কোম্পানী ব্যতীত	১-১১৪১-০০৭৫-০১১১

আয়কর সরকারি কোষাগারে জমার পদ্ধতি (বিধি ১০)ঃ-

উৎসে কর্তনকৃত/সংগৃহিত কর এ-চালান বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত ই-পেমেন্ট এর মাধ্যমে সরকারের অনুকূলে জমা প্রদান করতে হবে।

এ-চালান এর লিংক : https://www.achallan.gov.bd

উৎসে কর কর্তন, সংগ্রহ ইত্যাদির ব্যর্থতার ফলাফল (ধারা ১৪৩)ঃ- উৎসে কর কর্তন/সংগ্রহ না করলে অথবা কম হারে কর্তন/সংগ্রহ করলে অথবা কর্তনকৃত/সংগৃহীত কর সরকারি কোষাগারে জমা না দিলে অথবা নির্ধারিত সময়ে জমা না দিলে (বিধি ৯ অনুযায়ী) দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি [(ধারা ১৪৩ এর উপধারা (৬) ও (৭)] খেলাপি করদাতা হিসেবে গণ্য হবেন এবং তিনি নিম্নোক্তভাবে অর্থ পরিশোধের জন্য দায়ী থাকবেন কিংবা দন্ডিত হবেন:

*	যে পরিমাণ অর্থ তিনি কর্তন/সংগ্রহ করেননি {ধারা ১৪৩(২) (ক)/(খ)}
*	কর্তন/সংগ্রহের পর যে পরিমাণ অর্থ তিনি সরকারি কোষাগারে জমা প্রদান করেননি {ধারা ১৪৩(২) গ}
*	উপর্যুক্ত অর্থের উপর মাসিক ২% হারে অতিরিক্ত কর { ধারা ১৪৩ (৩)}
*	অন্য বিধানাবলী পরিপালন ব্যর্থতায় ১০ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা {ধারা ১৪৩(২)ঘ} * ২৫,০০০/- টাকার উর্ধ্বে কর্তনযোগ্য/সংগ্রহযোগ্য আয়কর কর্তন/সংগ্রহে ব্যর্থতায় ১ বছরের সশ্রম কারাদন্ড অথবা অর্থদন্ড অথবা উভয় দন্ড (ধারা ৩১৫)

উৎসে করের রিটার্ন (ধারা ১৭৭) ঃ-

কোম্পানি (ধারা ১৭৭ মতে), ফার্ম, ব্যক্তিসংঘ, বেসরকারি হাসপাতাল, ক্লিনিক এবং ডায়াগনস্টিক সেন্টারসমূহকে পূর্ববর্তী ০৩ (তিন) মাসের জন্য প্রযোজ্য রিটার্ন নিম্নবর্ণিত সময়ে দাখিল করিতে হইবে, যথা-

অর্থ বৎসরের তারিখ	যে মাসের জন্য প্রযোজ্য
(১)	(২)
২৫ অক্টোবর	জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর
২৫ জানুয়ারি	অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর
২৫ এপ্রিল	জানুয়ারি, ফেব্রুয়ারি ও মার্চ
২৫ জুলাই	এপ্রিল, মে ও জুন

উৎসে করের রিটার্ন দাখিল করা না হলে জরিমানার বিধান রয়েছে।

উৎসে কর কর্তন/সংগ্রহ নিশ্চিতকরণ ও যাচাইকরণ (ধারা ১৪৭) ঃ-

এই ধারার ক্ষমতাবলে আয়কর কর্তৃপক্ষ উৎসে কর কর্তন/সংগ্রহ যাচাইয়ের লক্ষ্যে যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের কার্যালয়ে নির্বিঘ্নে প্রবেশ করতে পারবে, যে কোন তথ্য প্রযুক্তি ডিভাইসে অভিগমন (Access) করতে পারবে, পাসওয়ার্ড ভেদ করে সিস্টেমে প্রবেশ করতে পারবে, এতদ্‌সংক্রান্ত ডকুমেন্ট/তথ্য জব্দ করতে পারবে। আলোচ্য কার্যক্রম পরিচালনাকালে অসহযোগিতা/ প্রতিবন্ধকতা সৃষ্টি করা হলে অনধিক ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা জরিমানার বিধান রয়েছে।

উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষের জন্য লক্ষণীয় ঃ-

সার্টিফিকেট ইস্যুকরণঃ

* উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ (উৎসে কর বিধিমালা ২০২৪ এর বিধি ১১/ধারা ১৪৫ এর বিধান অনুসারে) যার নিকট হতে উৎসে কর সংগ্রহ/কর্তন করা হবে তাকে বিধির তফসিল ২/৩/৪ এর বর্ণনামতে একটি Certificate প্রদান করবেন। সার্টিফিকেট এর নমুনা:
    - (১) চাকরি হতে আয়ের উপর কর কর্তনের ক্ষেত্রে (সরকারী ব্যতীত): (tax.barisal.gov.bd/bn/site/page/তফসিল-০২)
    - (২) বেতনাদি ব্যতীত অন্যান্য উৎসে কর কর্তনের ক্ষেত্রেঃ (tax.barisal.gov.bd/bn/site/page/ তফসিল-০৩)
    - (৩) আয়কর আইন, ২০২৩ এর অংশ ৭ এর অধীন যে কোন পরিমাণ কর সংগ্রহের ক্ষেত্রেঃ (tax.barisal.gov.bd/bn/site/page/ তফসিল-০৪)
* যার নিকট হতে উৎসে কর কর্তন/সংগ্রহ করা হবে সেই ব্যক্তি রিটার্ন দাখিলের প্রমাণ দাখিলে ব্যর্থ হলে উৎসে কর কর্তন/সংগ্রহের হার প্রযোজ্য হার অপেক্ষা ৫০% শতাংশ অধিক হবে। [ধারা ১৪২(১)]
* যার নিকট হতে কর কর্তন/সংগ্রহ করা হবে সেই ব্যক্তি চুক্তিমূল্য/বিল/ভাড়া/ফি/চার্জ/রেমুনারেশন/ বেতনাদি বা অন্য কোন অর্থ পরিশোধ বাবদ কোন অর্থ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণ না করলে উৎসে কর কর্তন/সংগ্রহের হার প্রযোজ্য হার অপেক্ষা ৫০% অধিক হবে। [ধারা ১৪২(২)]

গুরুত্বপূর্ণ লিঙ্ক ঃ

ক্রঃ নং	বিষয়	লিঙ্ক
১।	উৎসে কর বিধিমালা, ২০২৪	tax.barisal.gov.bd/bn/site/page/উৎসে কর বিধিমালা, ২০২৪
২।	উৎসে কর রিটার্ন	tax.barisal.gov.bd/bn/site/page/উৎসে কর রিটার্ন

নিবাসী হতে উৎসে কর কর্তনের হার (অংশ ৭ এর ১ম অধ্যায়)

ক্রম	খাতের বিবরণ	বিধান		উৎসে কর কর্তনের প্রযোজ্য হার
১	চাকরির আয় হতে উৎসে কর কর্তন	ধারা ৮৬	বার্ষিক প্রদেয় করকে বারো মাস দিয়ে বিভাজন করে প্রতিমাসের বেতন বিল হতে কর কর্তন করতে হবে	গড়
২	সংসদ সদস্যদের সম্মানী হতে উৎসে কর কর্তন	ধারা ৮৭	বার্ষিক প্রদেয় করকে বারো মাস দিয়ে বিভাজন করে প্রতিমাসে কর কর্তন করতে হবে	গড়
৩	অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল ও শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল কর্তৃক উৎসে কর কর্তন	ধারা ৮৮	পরিশোধ বা ক্রেডিটকালে উৎসে কর কর্তন করতে হবে	১০%
৪	**ঠিকাদার, সরবরাহকারী ইত্যাদিকে প্রদত্ত অর্থ হতে কর কর্তন :**			

ক্রমিক নং	খাতের বিবরণ	বিধান	ভিত্তি মূল্য	উৎসে কর কর্তনের প্রযোজ্য হার
(১)	এমএস বিলেট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে এবং স্থানীয়ভাবে ক্রয়কৃত এম এস স্ক্র্যাপের ক্ষেত্রে	ধারা ৮৯/ বিধি-৩	যে কোন অংক	০.৫%
(২)	পেট্রোলিয়াম তেল এবং লুব্রিকেন্ট বিপণনে নিযুক্ত তেল বিপণন কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	০.৬%
(৩)	পেট্রোলিয়াম তেল বিপণন কোম্পানির ডিলার বা এজেন্ট কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	১%
(৪)	ধান, ধানের কুড়া, চাল, গম, আলু, গবাদি পশু, মাছ, মাংস, পিঁয়াজ, রসুন, মটর ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভুট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্যতেল, চিনি, বীজ, পাটকাঠি, সরিষা, তিল, কাঁচা চা-পাতা, গোলমরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, তেজপাতা এবং পাট সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	০.৫%

	(৫)	তুলা ও সুতা সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	১%
	(৬)	সব ধরণের ফল সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	২%
	(৭)	শতভাগ রপ্তানিমুখী গার্মেন্টস শিল্প কর্তৃক প্রদত্ত সাব কন্ট্রাক্টের ক্ষেত্রে		যে কোন অংক	১%
	(৮)	এমএস বিলেট ব্যতীত সিমেন্ট, লৌহ বা লৌহ পণ্য, ফেরো অ্যালয় পণ্য উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে		যে কোন অংক	২%
	(৯)	তেলশোধন (Oil refinery) কার্যক্রমে নিযুক্ত কোনো কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	১.৫%
	(১০)	গ্যাস ট্রান্সমিশনে নিয়োজিত কোম্পানির ক্ষেত্রে		যে কোন অংক	৩%
	(১১)	গ্যাস বিতরণে নিযুক্ত কোম্পানির ক্ষেত্রে		যে কোন অংক	০.৬%
	(১২)	স্থানীয় পর্যায়ে নিজস্ব Vertical Continuous Vulcanization line রহিয়াছে এইরুপ কোনো কোম্পানি কর্তৃক তৈয়ারকৃত ৩৩ কেভি হইতে ৫০০ কেভি Extra High Voltage Power Cable সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	৩%
	(১৩)	সরকার, সরকারের কোনো কর্তৃপক্ষ, কর্পোরেশন বা সরকারের সংস্থা এবং এর সকল সংযুক্ত ও অধীনস্থ অফিস ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	৩%
	(১৪)	রিসাইকেল্ড সিসা সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	৩%
	(১৫)	শিল্পোৎপাদনে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	৩%
	(১৬)	রিসাইক্লিং শিল্পে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	১.৫%
	(১৭)	ম্যানুফ্যাকচারিং প্রসেস বা কনভারশন, পূর্ত কাজ, নির্মান, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোনো কাজের ক্ষেত্রে		যে কোন অংক	৫%

	(১৮)	সিগারেট, বিড়ি, জর্দা ও গুল শিল্পে তামাকজাত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে		যে কোন অংক	১০%
	(১৯)	ক) সারণী ক্রমিক নং ১ হইতে ১৮ তে বর্ণিত হয় নাই এমন সকল পণ্য সরবরাহের ক্ষেত্রে খ) ধারা ৮৯ এ উল্লিখিত অন্যান্য সকল ক্ষেত্রে		যে কোন অংক	৫%
৫	সেবার ক্ষেত্রে পরিশোধ হতে কর্তন (ধারা ৯০/বিধি-৪)				

	ক্রমিক নং	খাতের বিবরণ		বিধান	ভিত্তি মূল্য	উৎসে কর কর্তনের প্রযোজ্য হার
	(১)	উপদেষ্টা বা পরামর্শক	স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	১৫%
			স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে		যে কোন অংক	৭.৫%
	(২)	পেশাদার সেবা (professional service)	স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	১৫%
			স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে		যে কোন অংক	৭.৫%
	(৩)	কারিগরি সেবা ফি (technical services fee), বা কারিগরি সহায়তা ফি (technical know-how or technical assistance fee)		ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	১০%
	(৪)	ক) ক্যাটারিং খ) ক্লিনিং গ) সংগ্রহ বা পুনরূদ্ধার এজেন্সি ঘ) ব্যক্তিগত নিরাপত্তা ঙ) জনবল সরবরাহ চ) ক্রিয়েটিভ মিডিয়া ছ) জন সংযোগ জ) ইভেন্ট পরিচালনা ঝ) প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি পরিচালনা ঞ) কুরিয়ার সার্ভিস ট) প্যাকিং ও শিফটিং ঠ) একই প্রকৃতির অন্যান্য সেবা		ধারা- ৯০/ বিধি-৪	(ক) কমিশন বা ফি এর উপর	১০%
					(খ) মোট বিল এর উপর	২%
	(৫)	প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া এজেন্সি সেবা		ধারা- ৯০/ বিধি-৪	(ক) কমিশন বা ফি এর উপর	১০%
					(খ) মোট বিলের উপর	০.৬৫%

	(৬)	ইন্ডেন্টিং কমিশন	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	৭.৫%
	(৭)	মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী	ধারা- ৯০ /বিধি-৪	যে কোন অংক	১০%
	(৮)	মোবাইল নেটওয়ার্ক অপারেটর	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	১২%
	(৯)	ক্রেডিট রেটিং এজেন্সি	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	১০%
	(১০)	মোটর গ্যারেজ বা ওয়ার্কশপ	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	৮%
	(১১)	ব্যক্তিগত কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	৮%
	(১২)	শিপিং এজেন্সি কমিশন	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	৮%
	(১৩)	স্টিভডোরিং/বার্থ অপারেটর/টার্মিনাল অপারেটর/ শিপ হ্যান্ডলিং অপারেটর	ধারা- ৯০/ বিধি-৪	(ক) কমিশন বা ফি এর উপর	১০%
				(খ) মোট বিল এর উপর	৫%
	(১৪)	(১) পরিবহন সেবা, গাড়ি ভাড়া/ ক্যারিয়িং সেবা এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ সেবা (২) রাইড শেয়ারিং সেবা, ওয়ার্কিং স্পেস সরবরাহ সেবা, আবাসন সরবরাহ সেবাসহ যে কোন প্রকার শেয়ারিং ইকনোমিক প্লাটফর্ম	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	৫%
	(১৫)	বিদ্যুৎ সঞ্চালনায় নিমিত্ত হুইলিং চার্জ	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	৩%
	(১৬)	ইন্টারনেট সেবা	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	৫%
	(১৭)	মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের এজেন্ট, ডিস্ট্রিবিউটর এজেন্সি বা চ্যানেল পার্টনার, যে নামেই অভিহিত হউক না কেন	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	১০%
	(১৮)	ফ্রেইট ফরওয়ার্ড বাবদ পরিশোধিত কমিশনসহ বা কমিশন ব্যতিরেকে গ্রস বিলের উপর	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	১.৫%
	(১৯)	ক্রমিক নং ১ হইতে ১৮ বর্ণিত হয় নাই এরূপ অন্য কোনো সেবা যাহা আইনের অন্য কোনো ধারার অধীন কর কর্তন যোগ্য নহে	ধারা- ৯০/ বিধি-৪	যে কোন অংক	১০%

ক্রম	খাতের বিবরণ	বিধান	ভিত্তি মূল্য	উৎসে কর কর্তনের প্রযোজ্য হার
৬	রয়্যালটি, ফ্র্যাঞ্চাইজ বা লাইসেন্স, ট্রেডমার্ক, পেটেন্ট, কপিরাইট, শিল্পনকশা, উদ্ভিদের জাত, ভৌগলিক নির্দেশক পণ্য বা মেধাসত্ত্ব	ধারা ৯১	ভিত্তি মূল্যের	১০%
৭	বিজ্ঞাপন (প্রচার মাধ্যমে)	ধারা ৯২	যে কোন অংক	৫%
৮	চলচ্চিত্র, নাটক বা টেলিভিশন বা রেডিও প্রোগ্রাম ক্রয়ের বিপরীতে অর্থ পরিশোধকালে বা অভিনেতাদের অর্থ পরিশোধকালে	ধারা ৯৩	যে কোন অংক	১০%
৯	কমিশন, ডিসকাউন্ট, ফি, বাট্টা, প্রণোদনা বা এরূপ প্রকৃতির অর্থ	ধারা ৯৪	(ক) পরিবেশককে প্রদত্ত অর্থ (খ) পণ্য বিপণন বা বাজারজাতকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে প্রদত্ত অর্থ (গ) খুচরা মূল্য অপেক্ষা কম মূল্যে পরিবেশককে (তেল বিপণনকারী ব্যতীত) পণ্য বিক্রয় করা হলে ঃ পরিবেশকের নিকট বিক্রয়মূল্যের ৫% এর উপর	১০% ১.৫% ৫%
১০	ট্রাভেল এজেন্ট	ধারা ৯৫	বিক্রয় কমিশন বা ছাড় বা অন্য যে কোন সুবিধার	০.৩%
১১	আমদানির জন্য ঋণপত্র/এলসি কমিশন	ধারা ৯৬	কমিশনের অংকের উপর	৫%
১২	স্থানীয় ঋণপত্রের কমিশন হিসাবে প্রাপ্ত অর্থ	ধারা ৯৭	ক) ব্যবসা বা প্রক্রিয়া বা রূপান্তরের পরে পুন: বিক্রির জন্য বাংলাদেশে পণ্য ক্রয়কালে পরিশোধিত বা ঋণকৃত পরিমাণের উপর খ) ব্যক্তি কর্তৃক পরিবেশককে পণ্য বিক্রি বা ইনভয়েসের বিপরীতে পরিবেশককে পরিশোধিত বা ঋণকৃত পরিমাণের উপর গ) ধারায় বর্ণিত কতিপয় পণ্য ক্রয়ের জন্য পরিশোধিত বা ঋণকৃত পরিমাণের উপর ঘ) তুলা এবং সুতা ক্রয়ের জন্য পরিশোধিত বা ঋণকৃত পরিমাণের উপর ঙ) ধারায় বর্ণিত কতিপয় পণ্য ক্রয়ের জন্য পরিশোধিত বা ঋণকৃত পরিমাণের উপর	৩% ১.৫% ২% ১% ০.৫%

১৩	সেলুলার মোবাইল ফোন অপারেটর, টাওয়ার শেয়ারিং কোম্পানি ইত্যাদি কর্তৃক পরিশোধিত অর্থ	ধারা ৯৮	আয় বণ্টন, লাইসেন্স ফি বা অন্য কোনো ফি বা চার্জ এর উপর	২০%
১৪	জীবন বিমা পলিসির প্রিমিয়ামের অতিরিক্ত কোনো পরিশোধ	ধারা ৯৯	জীবন বিমা পলিসির প্রিমিয়ামের অতিরিক্ত কোনো অর্থ পরিশোধের উপর	৫%
১৫	বিমার কমিশনের অর্থ	ধারা ১০০	বিমা কমিশন বা সম্মানি বা পুরস্কারের উপর	৫%
১৬	সাধারণ বিমা কোম্পানি জরিপকারীদের ফি, ইত্যাদি	ধারা ১০১	সাধারণ বিমা কোম্পানি কর্তৃক জরিপকারীদের ফি, পারিশ্রমিক দ্বারা পরিশোধকৃত অর্থের উপর	১৫%
১৭	যে কোন আমানতের সুদ/মুনাফা	ধারা ১০২	ক) ট্রাস্ট, ব্যক্তিসংঘ ও কোম্পানির ক্ষেত্রে	২০%
			খ) অন্যান্য ক্ষেত্রে	১০%
১৮	নিবাসীর সুদ আয় হতে আয়কর কর্তন	ধারা ১০৪	ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে ঋণ বাবদ পরিশোধিত সুদ বা মুনাফার উপর	১০%
১৯	সঞ্চয় পত্রের মুনাফা	ধারা ১০৫	সঞ্চয় পত্রের মুনাফার উপর	১০%
২০	সিকিউরিটিজের সুদ	ধারা ১০৬	সিকিউরিটিজের ডিসকাউন্ট, সুদ বা মুনাফার উপর	১০%
২১	বাংলাদেশ ব্যাংক বিলের প্রকৃত মূল্যের ছাড়	ধারা ১০৭	বাংলাদেশ ব্যাংক বিলের প্রকৃত মূল্যের ছাড় বা কর্তনের জন্য পরিশোধিত অর্থের উপর	প্রযোজ্য পরিমাণের সর্বোচ্চ হারে
২২	আন্তর্জাতিক ফোন কলের জন্য প্রাপ্ত অর্থ-	ধারা ১০৮	আন্তর্জাতিক গেটওয়ে সেবা প্রদানের জন্য- আন্তর্জাতিক গেটওয়ে সেবা অপারেটর এর মাধ্যমে আন্তর্জাতিক ফোন কল সম্পর্কিত পরিশোধিত কোনো অর্থের উপর	১.৫% ৭.৫%
২৩	ভাড়া আয়	ধারা ১০৯	প্রদেয় ভাড়ার অংক	১০%
২৪	কনভেনশন হল, কনফারেন্স সেন্টার বা হল, হোটেল, কমিউনিটি সেন্টার, রেস্টুরেন্ট ভাড়া বা স্থান ব্যবহার	ধারা ১১০	প্রদেয় অংক	১০%
২৫	সম্পত্তি অধিগ্রহণের ক্ষতিপূরণ হিসেবে প্রাপ্ত অর্থ	ধারা ১১১	(ক) সিটি কর্পোরেশন, পৌরসভা/ ক্যান্টনমেন্ট বোর্ড এলাকা	৬%
			(খ) অন্যান্য এলাকা	৩%

২৬	রপ্তানির উপর নগদ ভর্তুকি	ধারা ১১২	সম্পূর্ণ অংক	১০%
২৭	বিদ্যুৎ ক্রয়	ধারা ১১৪	সম্পূর্ণ অংক	৪%
২৮	ডেভেলপার হতে ভূমি মালিকের প্রাপ্তি (সাইনিং মানি/ পণ্যমূল্য, বাড়ির ভাড়া ইত্যাদি)	ধারা ১১৫	সম্পূর্ণ অংক	১৫%
২৯	বিদেশি ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন, চার্জ/পারিশ্রমিক	ধারা ১১৬	সম্পূর্ণ অংক	৭.৫%
৩০	লভ্যাংশ	ধারা ১১৭ এবং তফসিল ৭ এর প্যারাগ্রাফ ২	(ক) গ্রহীতা কোম্পানি হলে (খ) গ্রহীতা ব্যক্তি হলে (টিআইএন না থাকলে) (গ) গ্রহীতা ব্যক্তি হলে (টিআইএন থাকলে)	২০% ১৫% ১০%
৩১	লটারি, ইত্যাদি হতে প্রাপ্ত আয়	ধারা ১১৮	লটারি, শব্দজট, কার্ড গেইম, অনলাইন গেইম অথবা এরূপ যে কোনো খেলায় প্রাপ্ত অর্থ	২০%
৩২	**অনিবাসীর আয় হতে উৎসে কর কর্তনের হার (অংশ ৭ এর ২য় অধ্যায়/বিধি-৫)** **অনিবাসীর সংজ্ঞা ঃ** (ক) যিনি বাংলাদেশে ধারাবাহিকভাবে বা সমষ্টিগতভাবে উক্ত বর্ষে ১৮৩ দিনের কম অবস্থান করেছেন, অথবা (খ) যিনি বাংলাদেশে উক্ত বর্ষে ধারাবাহিকভাবে বা সমষ্টিগতভাবে ৯০ দিনের কম এবং অব্যবহিত পূর্ববর্তী ৪ বছরে ৩৬৫ দিনের কম সময় অবস্থান করেছেন।			

ক্রমিক নং	খাতের বিবরণ		বিধান	ভিত্তি মূল্য	উৎসে কর কর্তনের প্রযোজ্য হার
(১)	উপদেষ্টা বা পরামর্শক	স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে	ধারা ১১৯/ বিধি-৫	যে কোন অংক	২০%
		স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে		যে কোন অংক	১০%
(২)	প্রি-শিপমেন্ট পরিদর্শন			যে কোন অংক	২০%
(৩)	পেশাদার সেবা (professional service)	স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে		যে কোন অংক	২০%
		স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে		যে কোন অংক	১০%
(৪)	কারিগরি সেবা ফি বা কারিগরি সহায়তা ফি (technical services, technical know-how or technical assistance)			যে কোন অংক	২০%

	(৫)	আর্কিটেকচার, ইন্টেরিয়র ডিজাইন বা ল্যান্ডস্কেপ ডিজাইন, ফ্যাশন ডিজাইন বা প্রসেস ডিজাইন		যে কোন অংক	২০%
	(৬)	সার্টিফিকেশন, রেটিং ইত্যাদি		যে কোন অংক	২০%
	(৭)	স্যাটেলাইট, এয়ারটাইম বা ফ্রিকোয়েন্সি ব্যবহার বাবদ ভাড়া বা অন্য কোনো ব্যয়/চ্যানেল সম্প্রচার বাবদ ভাড়া		যে কোন অংক	২০%
	(৮)	আইনি সেবা		যে কোন অংক	২০%
	(৯)	ইভেন্ট ম্যানেজমেন্টসহ ব্যবস্থাপনা সেবা		যে কোন অংক	২০%
	(১০)	কমিশন		যে কোন অংক	২০%
	(১১)	রয়্যালটি, লাইসেন্স ফি বা স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ		যে কোন অংক	২০%
	(১২)	সুদ		যে কোন অংক	২০%
	(১৩)	বিজ্ঞাপন সম্প্রচার		যে কোন অংক	২০%
	(১৪)	বিজ্ঞাপন নির্মাণ ও ডিজিটাল মার্কেটিং		যে কোন অংক	১৫%
	(১৫)	ধারা ২৫৯ এবং ধারা ২৬০ এ উল্লিখিত ক্ষেত্রসমূহ ব্যতীত নৌ পরিবহন বা বিমান পরিবহন		যে কোন অংক	৭.৫%
	(১৬)	কন্ট্রাক্টর, সাব-কন্ট্রাক্টর ও সাব-সাব-কন্ট্রাক্টর কর্তৃক ম্যানুফ্যাকচারিং, প্রসেস বা কনভারশন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোনো কাজের ক্ষেত্রে		যে কোন অংক	৭.৫%
	(১৭)	পণ্য সরবরাহ		যে কোন অংক	৭.৫%
	(১৮)	মূলধনি মুনাফা		যে কোন অংক	১৫%
	(১৯)	বিমা প্রিমিয়াম		যে কোন অংক	১০%
	(২০)	যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ভাড়া		যে কোন অংক	১৫%

	(২১)	লভ্যাংশ	(১) কোম্পানি, তহবিল বা ট্রাস্ট কর্তৃক গৃহীত হলে লভ্যাংশ (২) কোম্পানি, তহবিল বা ট্রাস্ট ব্যতীত অন্যান্য ব্যক্তি কর্তৃক গৃহীত হলে		যে কোন অংক	২০%
	(২২)	শিল্পী, গায়ক বা খেলোয়াড় কর্তৃক গৃহীত অর্থ			যে কোন অংক	৩০%
	(২৩)	বেতন বা পারিশ্রমিক			যে কোন অংক	৩০%
	(২৪)	পেট্রোলিয়াম অপারেশনের অনুসন্ধান বা ড্রিলিং			যে কোন অংক	৫.২৫%
	(২৫)	কয়লা, তেল বা গ্যাস অনুসন্ধানের জন্য সমীক্ষা			যে কোন অংক	২০%
	(২৬)	জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানির সার্ভেয়ার ফি ইত্যাদি			যে কোন অংক	৫.২৫%
	(২৭)	তেল বা গ্যাসক্ষেত্র এবং এর রপ্তানি পয়েন্টের মধ্যে সংযোগ স্থাপনের জন্য যেকোনো সেবা			যে কোন অংক	৫.২৫%
	(২৮)	ব্যান্ডউইথ বাবদ পরিশোধ			যে কোন অংক	১০%
	(২৯)	কুরিয়ার সার্ভিস			যে কোন অংক	১৫%
	(৩০)	অন্য কোনো পরিশোধ			যে কোন অংক	২০%

উৎসে কর সংগ্রহের হার (অংশ ৭ এর ৩য় অধ্যায়)

ক্রম	খাতের বিবরণ	বিধান	ভিত্তি মূল্য	উৎসে কর কর্তনের প্রযোজ্য হার
৩৩	আমদানিকারকদের নিকট হতে উৎসে কর সংগ্রহ	ধারা ১২০/ বিধি ৮	যে কোন অংক	বিধি ৮ মোতাবেক ০%-২০%
৩৪	জনশক্তি রপ্তানি	ধারা ১২১	(ক) জনশক্তি রপ্তানি বাবদ গৃহীত সার্ভিস চার্জ/ ফি এর উপর (খ) লাইসেন্স ইস্যু বা নবায়নের সময়	১০% ৫০,০০০/-
৩৫	ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং এজেন্ট	ধারা ১২২	প্রাপ্য কমিশন	১০%
৩৬	রপ্তানীকারকদের নিকট হতে উৎসে কর সংগ্রহ	ধারা ১২৩	রপ্তানি আয়	১%

৩৭	কোনো সেবা, রেভিনিউ শেয়ারিং, ইত্যাদি বাবদ বিদেশ হতে প্রেরিত আয়	ধারা ১২৪	ক) ফি, সেবা চার্জ, পারিশ্রমিক বা প্রাপ্তি বা যেকোনো রেভিনিউ শেয়ারিং এর মাধমে বিদেশ থেকে প্রাপ্ত অর্থ– ১) বাংলাদেশে প্রদত্ত সেবা ২) নিবাসী কর্তৃক বিদেশি ব্যক্তিকে পরিষেবা/ সম্পত্তি ভাড়া প্রদান বা অন্য কনো কাজ ৩) বিজ্ঞাপন বা অন্য উদ্দেশ্যে অনলাইন প্লাটফর্ম ব্যবহারের অনুমতি প্রদান	৭.৫%
৩৮	সম্পত্তি হস্তান্তর, ইত্যাদি হতে কর সংগ্রহ	ধারা ১২৫/ বিধি-৬	ওয়েব সাইট এ বর্ণিত হার অনুযায়ী tax.barisal.gov. bd/bn/site/ page/ধারা ১২৫	বিধি ৬ অনুযায়ী
৩৯	ডেভেলপার বা রিয়েল এস্টেট ডেভেলপারের নিকট হতে কর সংগ্রহ	ধারা ১২৬/ বিধি-৬	ওয়েব সাইট এ বর্ণিত হার অনুযায়ী tax.barisal.gov. bd/bn/site/ page/ধারা ১২৬	বিধি ৬ অনুযায়ী
৪০	সরকারি স্ট্যাম্প, কোর্ট ফি, কার্টিজ পেপার বাবদ পরিশোধিত কমিশন	ধারা ১২৭	পরিশেধিত অর্থের উপর	১০%
৪১	সম্পত্তির ইজারা (অন্যূন ১০ বছর)	ধারা ১২৮	ইজারা মূল্যের উপর	৪%
৪২	সিগারেট উৎপাদন	ধারা ১২৯	ব্যান্ড রোলের মূল্যের উপর	১০%
৪৩	ইট প্রস্তুতকারী/ব্রিক ফিল্ড (ইট তৈরীর অনুমতি প্রদান বা নবায়ন কালে) ****মৌসুমী ইটভাটা** অর্থ এরূপ কোনো ইটভাটা যেখানে শুস্ক মৌসুমে হাতের সাহায্যে ইট প্রস্তুতকরণসহ ইট পোড়ানো হয়।	ধারা ১৩০	১) ১,০৮,০০০ ঘনফুট আয়তনের বেশি না এরূপ মৌসুমী ইটভাটার ক্ষেত্রে	৮০,০০০/-
			২) ১,০৮,০০০ ঘনফুট আয়তনের বেশি কিন্তু ১,২৪,০০০ ঘনফুটের বেশি না এরূপ মৌসুমী ইটভাটার ক্ষেত্রে	১,২০,০০০/-
			৩) ১,২৪,০০০ ঘন ফুটের বেশি এরূপ মৌসুমী ইটভাটার ক্ষেত্রে	১,৬০,০০০/-
			৪) ক্রমিক নং- ১,২ ও ৩ এ উল্লিখিত হয়নি এরূপ ইটভাটার ক্ষেত্রে	২,২০,০০০/-
৪৪	ট্রেড লাইসেন্স প্রদান/নবায়ন	ধারা ১৩১	(ক) বরিশাল সিটি কর্পোরেশন (খ) জেলা সদরের পৌরসভা (গ) অন্যান্য পৌরসভা	২,০০০/- ১,০০০/- ৫০০/-

৪৫	কোনো নিবাসীর জাহাজ ব্যবসা হতে কর সংগ্রহ	ধারা ১৩২	নিবাসী করদাতার মালিকানাধীন বা ভাড়াকৃত যাত্রী, গবাদি পশু, ডাক বা পণ্য পরিবহণকারী কোনো জাহাজে পরিবহণকৃত মোট মালামালের ভাড়ামূল্যের উপর-	৫%
			দুই বা ততোধিক দেশে প্রদত্ত পরিষেবার বিনিময়ে গৃহীত বা গৃহীতব্য পরিবহনকৃত মালের ভাড়ামূল্যে উপর-	৩%
৪৬	প্রকাশ্য নিলামে বিক্রয় (পণ্য/সম্পত্তি)	ধারা ১৩৩	(ক) পণ্য/সম্পত্তি, জলমহাল, বালুমহাল, সায়রাত মহাল বা যে কোনো প্রকার অধিকারের ইজারা (খ) চা নিলাম মূল্যের উপর	১০% ১%
৪৭	তালিকাভূক্ত নয় এরূপ কোম্পানির শেয়ার হস্তান্তর	ধারা ১৩৪	শেয়ারের অভিহিত মূল্য এবং ন্যায্য মূল্যের পার্থক্যের উপর	১৫%
৪৮	সিকিউরিটিজ হস্তান্তর	ধারা ১৩৫	সিকিউরিটিজ এর হস্তান্তর মূল্য এবং অর্জন মূল্যের পার্থক্যের উপর	১৫%
৪৯	স্টক এক্সচেঞ্জের শেয়ার হোল্ডারদের শেয়ার হস্তান্তর	ধারা ১৩৬	শেয়ার হস্তান্তর হতে উদ্ভূত কোনো লভ্যাংশ বা প্রাপ্তির উপর	১৫%
৫০	স্টক এক্সচেঞ্জের সদস্যদের সিকিউরিটিজের লেনদেন মূল্য পরিশোধকালে	ধারা ১৩৭	স্টক এক্সচেঞ্জের সদস্যদের সিকিউরিটিজের লেনদেন মূল্যের উপর	০.০৩%

- **মুদ্রণজনিত ত্রুটি বা অন্য কোন কারণে বর্ণিত হার যদি আয়কর আইন, ২০২৩ বা উৎসে কর বিধিমালা, ২০২৪ এ বর্ণিত হার অপেক্ষা ভিন্ন হয় তাহলে আয়কর আইন, ২০২৩ বা সংশ্লিষ্ট বিধিমালার হার অনুসরণ করতে হবে।**
- **যোগাযোগের জন্যঃ অতিরিক্ত কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-০১, কর অঞ্চল-বরিশাল। ফোনঃ ০২৪৭৮৮৩১৩৯৪**
  যুগ্ম কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-০৩, কর অঞ্চল-বরিশাল। ফোন- ০২৪৭৮৮৩০৫২০
  যুগ্ম কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-০৪, কর অঞ্চল-বরিশাল, ফোনঃ ০২৪৭৮৮৩১০৬৮
  উৎসে কর কর্তন মনিটরিং সংশ্লিষ্ট কর পরিদর্শক